## উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী
### উপজেলা ঃ রায়পুরা, জেলা ঃ নরসিংদী।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ

তারিখ ঃ ২৭/১০/২০২২ খ্রি.।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ দ্রষ্টব্য।

স্থানীয় সরকার বিভাগ, উপ-২ শাখা কর্তৃক ০৪/০৫/২০০৯ খ্রি. তারিখের ০৪/০৫/২০০৯খ্রিঃ তারিখের স্থাসবি/উপ-২/আর-২/২০০৯/৩০৮নং স্মারকে জারীকৃত পরিপত্রের ২(ক)নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা এবং স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৮/০৪/২০১৯ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.১৪৫.১৯-২৭৬ নং স্মারকে জারীকৃত পত্রে উল্লেখিত উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ১৮ অনুযায়ী এবং উক্ত আইনের ধারা ৯ অনুয়ায়ী পঞ্চম উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের মাসিক সাধারন সভা রায়পুরা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আবদুস ছাদেক এর সভাপতিত্বে পূর্বনির্ধারিত সময়সূচী মোতাবেক আরম্ভ করা হয়। সভায় উপস্থিত উপজেলা মাসিক সাধারণ সভার মাননীয় উপদেষ্টা, সাবেক মন্ত্রী ও ২০৩-নরসিংদী-৫(রায়পুরা) এর মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব রাজিউদ্দিন আহমেদ রাজু মহোদয় সভায় বিভিন্ন দিক নির্দেশনা মূলক বক্তব্য উপস্থাপন করেন। অতঃপর বিগত ০৭/০৮/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভাপতি মহোদয় অদ্যকার সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আজগর হোসেনকে অনুরোধ জানান এবং তিনি অদ্যকার সভার আলোচ্যসূচী পাঠ করে শুনান। অতঃপর আলোচ্যসূচী মতে বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। <u>উপজেলা প্রকৌশল বিভাগ</u> ঃ

(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ২৩/০৮/২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৫২০.০০১.২২-৬৩৭ নং স্মারকে ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম কিস্তিতে রায়পুরা উপজেলার অনুকূলে =১৭,৬০,০০০/= টাকা বার্ষিক উন্নয়ণ কর্মসূচীর অনুকূলে বরাদ্দ পাওয়া গিয়েছে। তিনি আরো জানান যে, এ ভাবে মোট ০৪ (চার) কিস্তিতে =৭০,৪০,০০০/= টাকা সম্ভাব্য বরাদ্দ পাওয়া যেতে পারে। তিনি অদ্যকার সভায় সম্মানিত চেয়ারম্যানগণের উদ্দেশ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) বরাদ্দের বিপরীতে =৭০,৪০,০০০/= ( সত্তর লক্ষ চল্লিশ হাজার ) টাকায় ২৩ (বাইশ) টি অগ্রাধিকার প্রকল্প সভায় অনুমোদনের নিমিত্তে উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনার নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>২০২২-২০২৩ অর্থ বৎসরে রায়পুরা উপজেলায় বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর সাধারন বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ</u>

| ক্রমিক | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১। | চান্দেরকান্দি | রায়পুরা উপজেলা মডেল মসজিদ হতে মেথিকান্দা রেলওয়ে ষ্টেশন পর্যন্ত পাইপ কালভার্ট নির্মান | ৪,০০,০০০/= | RFQ |
| ২। | সকল ইউনিয়ন | রায়পুরা উপজেলার ২৪টি ইউনিয়নের কৃষকদের মধ্যে কৃষি প্রনোদনা প্রদান | ৫,০০,০০০/= | টেন্ডার |
| ৩। | পাড়াতলী | পাড়াতলী ইউনিয়নে চেয়ারম্যান নির্ধারিত স্থানে শহীদ মিনার নির্মান | ৪,০০,০০০/- | RFQ |
| ৪। | পলাশতলী | টকিপুরা মোহাম্মদ আলীর বাড়ি হতে টকিপুর রহিম মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় ইটের সলিং করণ | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ৫। | আমিরগঞ্জ | হাসনাবাদ পশ্চিপাড়া পাকা সড়ক হতে মোল্লা বাড়ির রাস্তায় ইটের সলিং ও উন্নয়ন | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ৬। | মির্জাপুর | পীরপুর নয়াপাড়া আয়ুব আলীর বাড়ি হতে পীরপুর মরহুম আরজু মুন্সীর বাড়ি পর্যন্ত রাস্তা সংস্কার ভরাট | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ৭। | আদিয়াবাদ | রাধাগঞ্জ বাজারের বিভিন্ন গলিতে আরসিসি রাস্তা থেকে লিংক রোড নির্মান | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ৮। | চাঁনপুর | সদাগরকান্দি জায়েদ আলীর বাড়ি হতে উত্তরপাড়া মসজিদ পর্যন্ত রাস্তার পাশে গাইডওয়াল নির্মান | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ৯। | চরমধুয়া | চরমধুয়া দড়িহাটি মন্নাফ মিয়ার বাড়ি হতে মেঘনা নদীর পার পর্যন্ত রাস্তার উত্তর পাশে ওয়াল নির্মান | ২,০০,০০০/= | টেন্ডার |
| ১০। | নিলক্ষ্যা | দড়িগাঁও বাছেদের বাড়ি হতে ব্রীজ পর্যন্ত রাস্তার পাশে গাইডওয়াল নির্মান | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১১। | মির্জানগর | ০২নং ওয়ার্ডের হাটুভাঙ্গা মেজবাউল উলুম মাদ্রাসা হতে মাজার রোড ইটের সলিং করণ | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১২। | মুছাপুর | মুছাপুর দাইড়েরপাড়া মাদ্রাসার সামনে গাইডওয়াল নির্মান | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১৩। | মহেশপুর | থানাকান্দি গ্রামে নুরুল ইসলামের বাড়ি হতে হাসিম মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় ইটের সলিং নির্মান | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১৪। | চরসুবুদ্ধি | মহিষবেড় কান্দাপাড়া হারিছুল হক মিয়ার বাড়ি হতে মেইন রাস্তা পর্যন্ত মাটি ভরাট ও ইটের সলিং করণ | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১৫। | উত্তরবাখরনগর | বাখরনগর আনোয়ার হোসেনের জমি হতে আঃ মান্নানের পুকুর পর্যন্ত ড্রেন নির্মান | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১৬। | মরজাল | মরজাল নারায়নের বাড়ি হতে মোস্তাজ উদ্দিন মাষ্টারের বাড়ি পর্যন্ত রাস্তায় ইটার সলিং করণ | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১৭। | শ্রীনগর | শ্রীনগর ইউনিয়নের আনন্দ বাজারে মাটি ভরাট ও গাইডওয়াল নির্মান | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১৮। | রায়পুরা | রায়পুরা পশ্চিমপাড়া মেইন রাস্তা থেকে জীবন মাস্টারের বাড়ি হতে বিমল ডাক্তারের বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি ঢালাই ও মাটি ভরাট | ৩,০০,০০০/= | টেন্ডার |
| ১৯। | ডৌকারচর | ডৌকারচর ফরিদ মেম্বারের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি ঢালাই | ৩,০০,০০০/= | টেন্ডার |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০। | উপজেলা পরিষদ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের কারাতে প্রশিক্ষণ ও মেধাবৃত্তি প্রদান ও হাইজিন কর্ণার স্থাপন | ২,০০,০০০/= | RFQ |
| ২১। | ঐ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের জন্য হাইজিন কর্ণার স্থাপন | ২,০০,০০০/= | RFQ |
| ২২। | চান্দেরকান্দি | বড়কান্দা পশ্চিমপাড়া জামে মসজিদ সংলগ্ন রাস্তায় ইউ ড্রেন ও গাইডওয়াল নির্মান | ৩,০০,০০০/= | RFQ |
| ২৩। | চর-আড়ালিয়া | ১নং ওয়ার্ড বাঘাইকান্দি বাহার উদ্দিনের বাড়ির রাস্তার পাশে ড্রেন নির্মান | ৩,০০,০০০/= | RFQ |
| মোট | | ( সত্তর লক্ষ টাকা মাত্র ) | =৭০,০০,০০০/= | |

সিদ্ধান্ত ঃ

২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি ) সাধারণ বরাদ্দের বিপরীতে =৭০,৪০,০০০/=( সত্তর লক্ষ চল্লিশ হাজার ) টাকায় ২৩ ( তেইশ) টি অগ্রাধিকার প্রকল্প সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন লাভ করে। সকল কাজের গুনগতমান সঠিক রেখে নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতঃ প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য সভার পক্ষ হতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

(খ) উপজেলা প্রকৌশলী জনাব মোঃ শামীম ইকবাল মুন্না সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর ২০২২-২০২৩ অর্থ বছরের স্থানীয় তহবিল বরাদ্দ ( উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল) ইতোমধ্যে সংশ্লিষ্ট তহবিল গুলিতে জমা করা হয়েছে। তিনি জানান যে, সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণের আবেদন মোতাবেক সংশ্লিষ্টদের সাথে আলাপ-আলোচনাক্রমে নিম্নে বর্নিত ১০(দশ) টি প্রকল্প অদ্যকার সভায় গ্রহনের নিমিত্তে আবেদন জানান এবং প্রকল্প উপস্থাপন করেন। বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্নে বর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়।

২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ( স্থানীয় উন্নয়ন তহবিল ) তহবিলের আওতায় প্রকল্পের তালিকা

| ক্রমিক | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১। | চান্দেরকান্দি | বড়কান্দা পশ্চিপাড়া আব্দুর রহমান মিয়ার বাড়ি হতে বাদল মিয়ার বাড়ি পর্যন্ত মাটি ভরাট ও ইটের সলিং | ৩,০০,০০০/= | RFQ |
| ২। | আদিয়াবাদ | ১নং ওয়ার্ড নয়াচর পাড়া গাজী বাড়ী হতে মাস্টার বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও ইটের সলিং | ৩,০০,০০০/= | RFQ |
| ৩। | পাড়াতলী | ৭নং ওয়ার্ডের সিংরাপুর গ্রামের কাদির মোল্লার বাড়ি হতে মঙ্গল মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও ইটের সলিং | ৩,০০,০০০/= | RFQ |
| ৪। | রায়পুরা | ১নং ওয়ার্ডের সরকারী পাকা রাস্তা হতে মিলন ভেন্ডারের বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও ইটের সলিং | ৩,০০,০০০/= | RFQ |
| ৫। | উপজেলা | উপজেলা পরিষদের ০২(দুই) জন ভাইস চেয়ারম্যানের রুম মেরামত ও টাইলস বসানো | ৪,০০,০০০/= | RFQ |
| ৬। | মহেশপুর | ১নং ওয়ার্ডে দারু মিয়ার দোকান হতে হারুন মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও ইটের সলিং | ৩,০০,০০০/= | RFQ |
| ৭। | রায়পুরা | রাজপ্রসাদ মেইন রোড হতে টকিমোল্লার মাজার পর্যন্ত রাস্তায় ইটের সলিং ও মাটি ভরাট | ৩,০০,০০০/= | RFQ |
| ৮। | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদের ২য়তলার সভাকক্ষের জন্য ৪০টি স্টীলের চেয়ার ও উপজেলা পরিষদের গণমিলনায়তনের জন্য ১২০ টি হাতল যুক্ত প্লাষ্টিকের চেয়ার এবং ০২টি ষ্টীলের আলমীরা ক্রয় | ৫,০০,০০০/= | RFQ |
| ৯। | পাড়াতলী | ৯নং ওয়ার্ডে মতি চেয়ারম্যানের বাড়ি হতে আব্দুল মান্নাফের বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও ইটের সলিং | ৩,০০,০০০/= | RFQ |
| ১০। | চান্দেরকান্দি | ৬নং ওয়ার্ডের জামে মসজিদ এবং গেইট হতে ছামেদ মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও ইটের সলিং | ২,০০,০০০/= | RFQ |
| ১১। | চরসুবুদ্ধি | ৩নং ওয়ার্ডের আদম আলী খালের ব্রীজের দুই পার্শ্বে গাইডওয়াল নির্মান | ৩,০০,০০০/= | RFQ |
| ১২। | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা নির্মান (আংশিক) | ৮,০০,০০০/= | RFQ |
| ১৩। | চর-আড়ালিয়া | ৩নং ওয়ার্ড বাঘাআকান্দি মরা বিলের রাস্তার পার্শ্বে গাইডওয়াল নির্মান | ৩,০০,০০০/= | RFQ |
| ১৪। | চর-আড়ালিয়া | ৫নং ওয়ার্ড বরদাকান্দি হিন্দু পাড়ায় ঘাটলা নির্মান | ৩,০০,০০০/= | RFQ |
| ১৫। | উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনে গাড়ীর গ্যারেজ নির্মান | ৫,০০,০০০/= | RFQ |
| ১৬। | উপজেলা পরিষদ | বিয়াম ল্যাবরেটরি স্কুলের সম্প্রসারণ | ৫,০০,০০০/= | RFQ |
| ১৭। | আমিরগঞ্জ | আমিরগঞ্জ-নলবাটা রাস্তায় ক্ষতিগ্রস্ত রাস্তায় কালভার্ট নির্মান | ৩,০০,০০০/= | RFQ |
| ১৮। | রায়পুরা | পান্থশালা রাস্তায় সিড়ি নির্মান | ২,০০,০০০/= | RFQ |
| ১৯। | চান্দেরকান্দি | চান্দেরকান্দি মসজিদ সংলগ্ন রাস্তা নির্মান | ২,০০,০০০/= | RFQ |
| ২০। | শ্রীনগর | বাঁশগাড়ী রাস্তায় শ্রীনগর ঈদগাহের ওয়াল সংস্কার | ২,০০,০০০/= | RFQ |
| ২১। | রায়পুরা | সদর ইউনিয়ন খালভার্ট নির্মান | ৫,০০,০০০/= | RFQ |
| ২২। | মরজাল | মরজাল কৃষ্ণ মন্দিরের পাশে রাস্তায় গাইডওয়াল নির্মান | ২,০০,০০০/= | RFQ |
| ২৩। | শ্রীনগর | শ্রীনগর ইউনিয়নের আনন্দ বাজারে মাটি ভরাট ও গাইডওয়াল নির্মান | ৩,০০,০০০/= | RFQ |
| ২৪। | রাধানগর | সাহেবচর উচ্চ বিদ্যালয়ে শহীদ মিনার নির্মান | ৪,০০,০০০/= | RFQ |
| ২৫। | মির্জানগর | বাঙ্গালীনগর ফুটবল খেলার মাঠের নিদিষ্ট স্থানে শহীদ মিনার নির্মান | ৪,০০,০০০/- | RFQ |
| ২৬। | ডৌকারচর | বেলায়েত আলী উচ্চ বিদ্যালয় মাঠে শহীদ মিনার নির্মান | ৪,০০,০০০/= | RFQ |
| ২৭। | নিলক্ষ্যা | গোপীনাথপুর সরকারী প্রাঃ বিদ্যালয় মাঠের দক্ষিন পার্শ্বে শহীদ মিনার নির্মান | ৪,০০,০০০/= | RFQ |
| ২৮। | শ্রীনগর | শ্রীনগর ইউনিয়ন পরিষদ মাঠে শহীদ মিনার নির্মান | ৪,০০,০০০/= | RFQ |
| মোট | | ( আটানব্বই লক্ষ টাকা মাত্র ) | ৯৮,০০,০০০/= | |

সিদ্ধান্ত ঃ

এ উপজেলায় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ( উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল) এর বরাদ্দের আওতায় উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত/প্রস্তাবিত বর্ণিত ২৮(আটাশ) টি প্রকল্প যার প্রাক্কলিত সাকুল্য অর্থ =৯৮,০০,০০০/=( আটানব্বই লক্ষ ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন লাভ করে। উপজেলা প্রকৌশলী সরকারী বিধি মোতাবেক কাজের গুনগতমান অক্ষুন্ন রেখে নিদিষ্ট সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন কাজ সমাপ্ত



CamScanner

করবেন। উল্লেখ্য যে, এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী সহ জনপ্রতিনিধিগন যথাযথ ব্যবস্থা গ্রহন করবেন।

২। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ

জনাব মোঃ বোরহান উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ/নির্বাচনী এলাকা ভিত্তিক গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ ( টি আর-নগদ টাকা ) ও গ্রামীন অবকাঠামো সংস্কার ( কাবিটা-নগদ টাকা ) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাকার বিপরীতে প্রকল্প গ্রহন করে, উপজেলা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন কমিটিতে অনুমোদন করে প্রকল্প তালিকা অনুমোদনের জন্য জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ করা হয়েছে।

| ক্রমিক নং | কর্মসূচীর ধরণ | বরাদ্দকৃত টাকা/খাদ্যশস্য | প্রকল্প সংখ্যা | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|
| ১। | গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন(টিআর) ১ম পর্যায় উপজেলা পরিষদ ভিত্তিক | ৪৭,৭০,৪৫৮/= | ৪২ টি | প্রক্রিয়াধীন |
| ২। | গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন(টিআর) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক | ৮৬,১৯৩৩৩/= | ১৩৮ টি | ঐ |
| ৩। | গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন(টিআর) ১ম পর্যায় পৌরসভা ভিত্তিক | ৩,৬৮,৫৭০/= | ০৫ টি | ঐ |
| ৪। | গ্রামীন অবকাঠামো সংস্কার ( কাবিটা-নগদ টাকা ) ১ম পর্যায়ে উপজেলা পরিষদ | ৬৪,৫০,৪৯৪/= | ৩৪ টি | ঐ |
| ৫। | গ্রামীন অবকাঠামো সংস্কার( কাবিটা-নগদ টাকা ) ১ম পর্যায়, নির্বাচনী এলাকা ভিত্তিক | ৯৪,৫৭,৪৯২/= | ৪৫ টি | ঐ |

সিদ্ধান্ত ঃ

চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের এ উপজেলায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্প সমূহ নির্দিষ্ট সময় সীমার মধ্যে কাজের গুনগতমান অক্ষুন্ন রেখে বাস্তবায়ন শেষে অগ্রগতি প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়। তবে প্রকল্প বাস্তবায়নকালে উত্থাপিত বিভিন্ন অভিযোগ সমূহ পুঙ্খানু পুঙ্খানু ভাবে খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সভার পক্ষ হতে পরামর্শ দেয়া হয়।

৩। স্বাস্থ্য বিভাগ ঃ

(ক) ৫০ বেডের নতুন হাসপাতালের কার্যক্রম

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ খাঁন নূরউদ্দিন মোঃ জাহাঙ্গীর অদ্যকার সভায় বিভাগীয় আলোচনায় জানান যে, স্বাস্থ্য অধিদপ্তরের লিখিত আদেশ মোতাবেক ৫০ বেডের হাসপাতালটির ওটি সহ বর্হি বিভাগ ৩১ বেড হাসপাতালের চলমান ডাক্তার ও ষ্টাফ দ্বারা চালু রাখা হয়েছে। ৫০ বেডের হাসপাতালের নির্ধারিত জনবল এখনো নিয়োগদান করা হয়নি। তবে আসবাবপত্র সরবরাহ পাওয়া গিয়েছে এবং জনবল নিয়োগ ও আনুসাংগিক উপকরণ সরবরাহের জন্য স্বাস্থ্য অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, রায়পুরা স্বাস্থ্য কমপ্লেক্সের মূল ভবন, আবাসিক ভবন, নার্সেস ডরমেটরী ও ৫৬ টি কমিউনিটি ক্লিনিকের অধিকাংশ ভবন মেরামত করা দরকার। বিষ পানের রোগীদের চিকিৎসা সেড নির্মান উপজেলা পরিষদ হতে করা হয়েছে কিন্ত পানির লাইন ও বৈদুতিক লাইন তৈরী করা হয়নি বিধায় সুবিধাভোগীরা সুফল পাচ্ছে না। অতঃপর তিনি হাসপাতালের চিকিৎসা কার্যক্রম সহ অন্যান্য সেবার বিস্তারিত বিবরণ উল্লেখ করেন। তিনি আরো জানান যে, হাসপাতালে ৫জন কনসালটেন্ট এর মধ্যে ১ জন মেডিসিন কনসালটেন্ট সপ্তাহে ১দিন শনিবার এ হাসপাতালে আসেন বাকী দিন সদর হাসপাতাল, নরসিংদীতে কাজ করেন। কনসালটেন্টের ০৪টি পদ শুন্য রয়েছে। মেডিকেল অফিসার এর মঞ্জুরীকৃত পদ ২টির মধ্যে ১জন সংযুক্তিতে নরসিংদীর সদর হাসপাতালে আছেন। মেডিকেল অফিসার(ইউনানী) মঞ্জুরীকৃত পদ ১টি। তিনি সংযুক্তিতে গাজীপুর আছেন। সহকারী সার্জন এর মঞ্জুরীকৃত পদ ২২টি। পুরনকৃত ১২টি হতে ১০জন সংযুক্তিতে আছেন। তিনি আরো জানান যে, হাসপাতালের বিভিন্ন পদ হতে পরিসংখ্যানবিদ-১টি, অফিস সহকারীর ১টি, মেডিকেল টেকনোলজিষ্ট(ল্যাব)-১টি, এসএসিএমও-৬টি, জুনিয়র মেকানিক এর ১টি, ওয়ার্ড বয়-৩টি, আয়া-১টি, কুক/মশালচি-১টি, ঝাড়ুদার ৫জনের মধ্যে ২ জন সংযুক্তিতে এবং ২জন কর্মরত ও ১টি পদ শুন্য রয়েছে। স্বাস্থ্য পরিদর্শক-১টি, সহকারী স্বাস্থ্য পরিদর্শক-৪টি, স্বাস্থ্য সহকারী-৯টি, নার্সিং সুপারভাইজার-২টি, মিডওয়াইফ-৪টি পদ শুন্য রয়েছে। তিনি কর্তৃপক্ষের নিকট আশু প্রতিকারের জন্য বিশেষভাবে অনুরোধ জানান।

হাসপাতালে রোগী সেবাদান কার্যক্রম ঃ

(খ) (১) আন্তঃ বিভাগ রোগী ভর্তির সংখ্যা-৪৬৫ জন (২) হাসপাতাল হতে ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা-৫৮৭ জন (৩) মৃত রোগীর সংখ্যা- নাই (৪) বহিঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা-৬,৫৭৫ জন (৫) উপ-স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা-১,৫৫০ জন (৬) স্বাভাবিক ডেলিভারী-১০৪ জন (৭) সিজারের মাধ্যমে ডেলিভারী-১২ (৮) নিউমোনিয়া শিশু রোগীর চিকিৎসা সেবা-১৪৩ জন (৯) জরুরী বিভাগে রোগীর চিকিৎসা সেবা-৪৩৯৪ জন (১০) হাসপাতালে দৈনিক অবস্থানরত রোগীর সংখ্যা-৮০৩ দিন।

(গ) এ্যাম্বুলেন্স সেবা ঃ এ্যাম্বুলেন্স দ্বারা রোগী পরিবহন কার্যক্রম চলছে।
(ঘ) এক্সরে কার্যক্রম ঃ রোগীদের এক্সরে কার্যক্রম সুন্দরভাবে চলছে।
(ঙ) আল্ট্রাসনোগ্রাম মেশিন চালু আছে।
(চ) এ্যানেসথেসিয়া ও ইসিজি মেশিন চালু আছে।
(ছ) ৫০ বেডের জনবল নিয়োগ ঃ প্রক্রিয়াধীন রয়েছে।
(জ) সরকার নির্ধারিত ট্রেনিং কার্যক্রম অব্যাহত রয়েছে।
(ঝ) রায়পুরা উপজেলায় বর্তমানে ১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ২টি উপ স্বাস্থ্য কেন্দ্র ও ৫৬টি কমিউনিটি ক্লিনিক এর মাধ্যমে রোগীদের স্বাস্থ্য সেবা কার্যক্রম চালু আছে।



তাহমিনা আমিন

(ঝ) তিনি সভায় আরো জানান যে, বেশ কিছু দিন যাবৎ স্থানীয় বে-সরকারী হাসপাতাল ও বিভিন্ন প্যাথোলজিক্যাল সেন্টারের কিছু সংখ্যক দালালের জন্য হাসপাতালের বহিঃ,অন্তঃ ও জরুরী বিভাগে আগত রোগীদের স্বাভাবিক চিকিৎসা সেবা দান কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে এবং হাসপাতালে আগত রোগীরা অযথা হয়রানির শীকার হচ্ছে। তিনি জনস্বার্থে এরূপ অবস্থা হতে পরিত্রাণের জন্য যথাযথ,ব্যবস্থা গ্রহনের নিমিত্তে সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

রায়পুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবারমান পূর্বের তুলনায় অনেকাংশে উন্নতি হয়েছে মর্মে সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাগন মন্তব্য করায় উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা সহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগনকে সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। তবে হাসপাতালের চিকিৎসা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীবগনের স্ব-স্ব কর্মে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ এবং হাসপাতালে ভর্তিকৃত রোগীগণ যাতে সরকারী বিধি অনুযায়ী চিকিৎসা সেবা/ঔষধ ও খাদ্যসামগ্রী সরবরাহ পায় অর্থাৎ সর্বোচ্চে সেবা নিশ্চিত করা সহ হাসপাতাল হতে সকল প্রকার অনিয়ম দূর করার লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরার সাথে আলোচনাক্রমে হাসপাতাল চত্বরে পূর্বের ন্যায় ভ্রাম্যমান আদালত পরিচালনার ব্যবস্থা গ্রহন করতঃ হাসপাতাল চত্বর দালাল মুক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হয়। হাসপাতালের শুন্যপদ গুলি পূরনে সংশ্লিষ্ট কর্তপক্ষের অনুকূলে জরুরী ভিত্তিতে পত্র লেখার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়।

০৪। পল্লী বিদ্যুৎ সমিতি ঃ

ডেপুটি জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যু সমিতি-২, রায়পুরা জোনাল অফিস সভায় জানান যে, বর্তমানে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা তথা সেবারমান পূর্বের তুলনায় অনেক উন্নতি হয়েছে। তিনি বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরো উল্লেখ করেন যে, চর-এলাকায় বিদ্যুৎ লাইন নির্মান এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার বিভিন্ন প্রতিবন্ধকতা ইতোমধ্যে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে পরিদর্শন করতঃ সমস্যাগুলি সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করেছেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরকারী স্বার্থে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ রায়পুরার ডেপুটি জেনারেল ম্যানেজারকে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। সভায় রায়পুরা উপজেলার সার্বিক বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা ও নতুন বিদ্যুৎ লাইন নির্মান সহ চর-এলাকায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সম্প্রসারণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্নে বর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

রায়পুরা উপজেলায় বিদ্যুৎ সরবরাহের সেবারমান পূর্বের তুলনায় সন্তোষজনক বিবেচিত হওয়ায় ডেপুটি জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, রায়পুরা জোনাল অফিসকে সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং তাঁকে নিয়মিত উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

০৫। উপজেলা কৃষি বিভাগ ঃ

উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি, সভায় জানান যে, সরকার কৃষির সার্বিক উন্নয়নে কৃষি বান্ধব নীতি ও সময়োপযোগী বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছেন। এ উপজেলায় খরিপ-২ মৌসুমে অদ্য পর্যন্ত ৮,৮৪০ হেঃ জমিতে রোপা আমন আবাদ হয়েছে। রবি মৌসুমে শাক-সজী আবাদ হয়েছে- ১,৫০৫ হেঃ জমিতে। চলতি মাসে সারের বরাদ্দ নিম্নরুপ ঃ

| ক্রমিক নং | সারের নাম | পরিমান |
|---|---|---|
| ১। | ইউরিয়া | ৩৪৮ মেঃ টন |
| ২। | টিএসপি | ৪৭১ মেঃ টন |
| ৩। | এমওপি | ১০০ মেঃ টন |
| ৪। | ডিএপি | ৩২৯ মেঃ টন |

প্রোনোদনার আওতায় বীজ ও সার কৃষকদের মধ্যে সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। ইউরিয়া, এমওপি ও ডিএপি সারের মজুদ সন্তোষজনক। উপজেলা কৃষি বিভাগের বিভিন্ন প্রকল্পের আওতায় প্রর্দশনী , মাঠ দিবস, কৃষক মাঠ স্কুল, কৃষক প্রশিক্ষন সহ মাঠ কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম সন্তোষ জনক। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা কৃষি কর্মকর্তাকে তাঁর বিভাগের কৃষিবান্ধব অন্ততঃ ০২(দুই) টি উন্নয়ন প্রকল্প চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হয় এবং তাঁকে কৃষি প্রনোদনা কর্মসূচীর দ্রব্যাদি সরকারী নীতিমালা তথা উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলাপ-আলোচনাক্রমে বিতরণ করার জন্য সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়।

০৬। উপজেলা প্রানি সম্পদ বিভাগ ঃ

উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় বিগত মাসে ২,৭৯০ টি গরু, ৭০০ টি ছাগল ও ২০,০০০ মুরগীকে টিকা প্রদান করা হয়েছে। বর্তমানে অত্র উপজেলার প্রায় ২১০০ মুরগীর খামারের মধ্যে ৯১৭ টি খামার চালু রয়েছে। মুলত পশু খাদ্যের দাম বৃদ্ধি পাওয়ায় মুগীর সেডগুলি চালু করা যাচ্ছে না। তাহা ছাড়া প্রানিসম্পদ হাসপাতালের চিকিৎসা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে এবং সন্তোষজনক। তা ছাড়া চিকিৎসা



CamScanner

কার্যক্রম এর পাশাপাশি অন্যান্য বিভিন্ন কর্মকান্ড সহ সম্প্রসারণমূলক কার্যক্রম চলমান রয়েছে। করোনা বিপর্যয়ে খামারিদের নানাবিধ পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। সার্বিকভাবে বলা যায় উপজেলা প্রানিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের কার্যক্রম সন্তোষজনক।

সিদ্ধান্ত ঃ

উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তার উপস্থাপিত বক্তব্য মোতাবেক তাঁর দপ্তরের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তাকে গরু মোটা-তাজাকরণ কাজে দেহের জন্য ক্ষতিকারক ষ্টেরয়েড ও হরমোনাল ঔষধ যাতে খামারীরা ব্যবহার করতে না পারে সে লক্ষ্যে তাঁর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সার্বিক চিকিৎসা সেবা অধিকতর নিশ্চিত করন সহ যথাযথ ভাবে সরকারী ঔষধপত্র বিতরন এবং সরকারী অর্থ দাদন ও আদায় কার্যক্রম অব্যাহত রাখা এবং সরকারী নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য সভার পক্ষ হতে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া তাঁকে প্রানিসম্পদ সেক্টরের প্রনোদনা কর্মসূচীর অর্থ/দ্রব্যাদি সরকারী নীতিমালা তথা উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলাপ-আলোচনাক্রমে বিতরণ করার জন্য সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়।

০৭। উপজেলা মৎস্য বিভাগ ঃ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বিগত অর্থ বছরে এ উপজেলায় প্রাকৃতিক জলাশয় ও বিভিন্ন প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তির লক্ষ্যে রাজস্ব খাতের অধীন =১,৭২,০০০/= টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। পোনামাছ সংগ্রহ পূর্বক মুক্ত জলাশয়ে অবমুক্ত করা হয়েছে। মৎস্য আইন সম্পর্কে বিভিন্ন হাট-বাজারে মাইকিং, সাংবাদিকদের সাথে মত বিনিময় সভা, মৎস্য সেক্টরের অগ্রগতির প্রামান্য চিত্র প্রদর্শন, সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান ও উপকরণ বিতরণ এবং উপজেলা পরিষদ পুকুরে ৪৫ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। তা ছাড়া ১২০ জন মৎস্যচাষীর পুকুরের মাটি ও পানির গুনাগুন পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান কর হয়েছে। তিনি আরো জানান যে, তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ

উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম সন্তোষ জনক। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে তাঁর বিভাগের অন্তত: ০২(দুই) টি উন্নয়ন প্রকল্প চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হয় এবং তাঁকে সরকারী প্রনোদনা কর্মসূচীর দ্রব্যাদি সরকারী নীতিমালা তথা উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলাপ-আলোচনাক্রমে বিতরণ করার জন্য সভার পক্ষ হতে পুনরায় অনুরোধ জানানো হয়।

০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

জনাব সামালগীর আলম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত বিধায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। তিনি বা তাঁর প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভায় বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্নে বর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কমপক্ষে ০১(এক) দিন পূর্বে কার্যপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হয় এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে নিয়মিত উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় উপস্থিত থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়।

০৯। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ

জনাব মোঃ সোহাগ হোসেন, উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় উপস্থিত। বিভাগীয় কার্যক্রম যথাযথ মর্মে জানান। সভায় বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

উপজেলা শিক্ষা কর্মকর্তাকে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কমপক্ষে ০১(এক) দিন পূর্বে কার্যপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হয় এবং উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নিয়মিত উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় উপস্থিত থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়।

১০। জনস্বাস্থ্য বিভাগ ঃ

জনাব মোঃ নূরুনবী, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রায়পুরা, নরসিংদী সভায় উপস্থিত। বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলমান রয়েছে। আপাততঃ কোন প্রকার সমস্যা নেই মর্মে জানান।

১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জনাব মোঃ কামাল উদ্দিন সভায় অনুপস্থিত। প্রতিনিধি জানান যে, ভিজিডি খাতের অক্টোবর/২০২২ মাসের ডিও ইতোমধ্যে ইস্যু করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর রেশনের চাল ও গমের অক্টোবর/২০২২ মাসের ডিও ইস্যু করা হয়েছে। রায়পুরা পৌসভায় বিশেষ ওএমএস এর মাধ্যমে চাল-আটা বিক্রির কার্যক্রম চালু রয়েছে। ইউনিয়ন পর্যায়ের খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় ১৫/= টাকা দরে কেজি কার্ডধারীদের মাঝে মাসিক ৩০(ত্রিশ) কেজি হারে ডিলারের মাধ্যমে চাল বিক্রির জন্য ডিও ইস্যু করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম আপাততঃ সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। তবে খাদ্য বান্ধব কর্মসূচীর কার্যক্রম নিবিড় তদারকী করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত থাকবে মর্মে সভার পক্ষ হতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আশ্বাস প্রদান করা হয়ে।

১২। সমবায় বিভাগ ঃ

জনাব রৌশনারা বেগম, উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, উপজেলা সমবায় বিভাগ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) দারিদ্র বিমোচন ও পূর্নবাসন প্রকল্পের আওতায় পূর্নবাসিতদের প্রশিক্ষন কার্যক্রম সমাপ্ত হওয়ায় বিধি মোতাবেক বরাদ্দ প্রাপ্ত =৫,৩৭,০০০/= টাকা সংশ্লিষ্টদের অনুকুলে বিতরন করা হয়েছে। আশ্রয়ন প্রকল্প(ফেইজ-২)হতে আদায়কৃত অর্থের পরিমান ২,৯৭,৩৭০/= টাকা। নিয়মিত ঋনের অর্থ আদায় অব্যাহত রয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন ক্ষুদ্রকার পানিসম্পদ উন্নয়ন প্রকল্পের অধীন সমবায় বিভাগ ০৩টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি নিবন্ধিত হয়েছে। তার মধ্যে ০১টি সমিতি প্রকল্পের কাজ সম্পাদন হয়েছে। বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্নে বর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ঃ

উপজেলা সমবায় বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয় কর্তৃক নিয়ন্ত্রনাধীন প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহযোগিতা অব্যাহত রাখায় সভার পক্ষ হতে উপজেলা সমবায় কর্মকর্তা সহ তাঁর অধিনস্থ কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

১৩। মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব ফাতেমা আক্তার সভায় জানান যে, অক্টোবর/২০২২ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। এনজিও চুক্তিবদ্ধ হয়েছে। কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় ২০২২-২৩ চক্রের ৪৫০ জন উপকারভোগীদের ভাতা বিতরণ চলমান হয়েছে এবং এনজিও কার্যক্রম চলমান রয়েছে। আইজিএ প্রকল্পের ১১ম ব্যাচের ৫০জন প্রশিক্ষনার্থীর সচেতনামূলক প্রশিক্ষন সমাপ্ত হয়েছে এবং বর্তমানে প্রশিক্ষন কার্যক্রম স্থগিত রয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন কার্যক্রমের আওতায় ২৫ টি কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। বিভাগী অন্যান্য কার্যক্রম যথাযথ। আপাততঃ কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার বর্ণনা মোতাবেক তাঁর বিভাগীয় কার্যক্রম সন্তোষ জনক মর্মে প্রতীয়মান হয়েছে। বিভিন্ন ভাতা বিতরনকালে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে তা যথাযথ তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা গেল।

১৪। যুব উন্নয়ন বিভাগ ঃ

জনাব মোহাম্মদ জাকির হোসেন মোল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বিভাগীয় কার্যক্রম যথাযথ মর্মে অবহিত করেন। অতঃপর তিনি শিক্ষিত যুব সমাজকে বেকারত্বের অভিশাপ হতে মুক্তির লক্ষ্যে " যুব উন্নয়ন অধিদপ্তর " পরিচালিত বিভিন্ন আত্ম-কর্মসংস্থান মূলক প্রশিক্ষনে স্ব-স্ব এলাকার শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষনে প্রেরনের জন্য উপস্থিত ইউপি চেয়ারম্যানগনের পুনরায় সদয় দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরো জানান যে, তার দপ্তরে ক্রমপুঞ্জিত ঋন বিতরন-৩,১১,৫৯,০০০/=টাকা ও উপকারভোগীর সংখ্যা-৭০২ জন এবং ক্রমপুঞ্জিত ঋন আদায়ের হার- ৯৫.৩০%। তাছাড়া কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষন কার্যক্রম জোরদারকরন প্রকল্পের আওতায় মোট আত্মকর্মীর সংখ্যা-৪,৬৯৩ জন এবং স্বীকৃতি প্রাপ্ত সংগঠনের সংখ্যা-০৮ টি।

সিদ্ধান্ত ঃ

যুব উন্নয়ন বিভাগের সার্বিক কর্মতৎপরতা সন্তোষজনক বিধায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ঋন আদায়ের হার সন্তোষ জনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদীর সংগে আলোচনাক্রমে যথাযথ পদক্ষেপ গ্রহনের জন্য তাঁকে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়।

১৫। সমাজ সেবা বিভাগ ঃ

উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জনাব খলিলুর রহমান সরকার সভায় উপস্থিত। বিভাগী কার্যক্রম সম্পর্কে আলোচনায় তিনি জানান যে, আপাততঃ কোন সমস্যা নাই।

সিদ্ধান্ত ঃ

উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কমপক্ষে ০১(এক) দিন পূর্বে কার্যপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হয় এবং উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে নিয়মিত উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় উপস্থিত থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়।

১৬। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত। বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলমান রয়েছে মর্মে জানান।

১৭। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ

সভায় উপস্থিত প্রতিনিধি এ উপজেলার ২৪ টি ইউনিয়নের ১৮টি স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের সেবা কার্যক্রম উপস্থাপন করেন।

| | | |
|---|---|---|
| (ক) | মোট সক্ষম দম্পতি ঃ | ১,১৩,৮৪১ জন। |
| (খ) | মোট সেবা গ্রহনকারী ঃ | ৮৭,১০৪ জন। |
| (গ) | সিএআর ঃ | ৭৬.৫১ |
| (ঘ) | স্বাভাবিক প্রসব ঃ | ৬৬৯ জন |
| (ঙ) | শিশু স্বাস্থ্য সেবা ঃ | ১,৭৩০ জন |
| (চ) | সাধারণ রোগী ঃ | ৩,৩২৫ জন |
| (ছ) | গর্ভবতী মহিলা ঃ | ৫১০ জন |
| (জ) | স্থায়ী পদ্ধতি গ্রহনকারী ঃ | ০৩ জন |
| (ঞ) | দীর্ঘ মেয়াদী পদ্ধতি ঃ | ১০০ জন |

তা ছাড়া কিশোর-কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা ও বাল্যবিবাহ রোধে সচেতনা মূলক শিক্ষা প্রদান করা হয়। স্যাটেলাইট ক্লিনিক এর কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। সভায় এ বিষয়ে আলাপ-আলোচনা করা হয়। তাঁর বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথ মর্মে জানান। তিনি সভায় আরো জানান যে, তাঁর নিয়ন্ত্রনাধীন ডৌকারচর এবং উত্তরবাখরনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের পার্শ্বে বেশ কয়েকটি মরাগাছ/অর্ধ মরা গাছ থাকায় ক্লিনিক ০২ (দুই)টির সংস্কার কাজ করানো সম্ভব হচ্ছে না বিধায় সরকারী বিধি মোতাবেক গাছ গুলি নিলামে বিক্রয়ের অনুমতি প্রার্থনা করেন। এ বিষয়ে আলাপ-আলোচনার পর নিম্নে বর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কর্মতৎপরতা সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। তবে বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের কাজ-কর্ম তদারকীতে আরো যত্নবান হওয়ার জন্য তাঁকে সভার পক্ষ হতে পরামর্শ প্রদান করা গেল। সরকারী বিধি বিধান যথাযথ অনুস্বরণ পূর্বক ডৌকারচর এবং উত্তরবাখরনগর স্বাস্থ্য ও পরিবার কল্যান ক্লিনিকের মৃত/অর্ধমৃত গাছগুলি নিলামে বিক্রয়ের অনুমতি প্রদান করা হলো। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন।

১৮। উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ

জনাব আমিনুর রহমান খাঁন,পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। আপাততঃ কোন সমস্যা নাই।

১৯। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/তাঁর প্রতিনিধি সভায় অনুপস্থিত। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না।

২০। ফায়ার সার্ভিস ঃ

জনাব মোঃ নাছির উদ্দিন, ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স সভায় উপস্থিত। তিনি জানান যে, এ উপজেলায় ০৯/০৬/২০১২ খ্রি. সাল হতে ফায়ার সার্ভিসের কার্যক্রম প্রকল্প ভিত্তিক শুরু হয়েছিল। বর্তমান সরকারের সার্বিক সহযোগিতায় গত ০১/০৭/২০১৭ খ্রি. তারিখ হতে জনবল রাজস্ব খাতে স্থানান্তরিত হওয়ায় বর্তমান সরকার প্রধানকে সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি বিভাগীয় কার্যক্রমের আওতায় জানান যে, সপ্তাহের প্রতি শনিবার অগ্নি সচেতনা বৃদ্ধির লক্ষ্যে ফায়ার সার্ভিস এর গাড়ী ও জনবল নিয়ে বিভিন্ন স্কুল, কলেজ, বড় বড় মার্কেট ও শিল্প প্রতিষ্ঠানে অগ্নি-নির্বাপন ও উদ্ধার কাজের মহড়া করা হয়ে থাকে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জনবলকে উদ্ধার কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষন প্রদান করা হয়ে থাকে। অগ্নি-নির্বাপন সহ বিভিন্ন দূর্ঘটনা রোধে ফায়ার সার্ভিসের সহযোগিতা গ্রহনের জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ জানান এবং ফায়ার সার্ভিসকে দূর্ঘটনার সংবাদ জরুরী ভিত্তিতে প্রদানের জন্য তাদের মোবাইল ফোন ও টেলিফোন নম্বর সকলকে অবহিত করেন। তিনি আরো জানান যে, রায়পুরা ফায়ার সার্ভিস ষ্টেশনে আরো ০১টি অগ্নি নির্বাপনী গাড়ী, রোগী বহনের জন্য একটি এ্যাম্বুলেন্স এবং প্রয়োজনীয় উদ্ধার সরঞ্জাম দরকার মর্মে জানান। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনার শেষে নিম্নে বর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

রায়পুরা উপজেলায় ফায়ার সার্ভিসের সার্বিক কার্যক্রম সন্তোষ জনক। এ উপজেলার বিভিন্ন স্থানে পর্যাপ্ত জলাধার নির্মানে উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে মর্মে উপস্থিত ফায়ার সার্ভিসের কর্মকর্তাকে সভার পক্ষ হতে আশ্বাস প্রদান করা হয়। চাহিত সরঞ্জামাদি প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরের স্মরনাপন্ন হওয়ার জন্য উপজেলা পরিষদের পক্ষ হতে প্রস্তাবকারী কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো। তবে ছোট-খাট যন্ত্রপাতি চাহিদা মোতাবেক চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থ হতে উপজেলা পরিষদ হতে সরবরাহের বিষয়টি বিবেচনা করা হবে।

২১। বিবিধ ঃ

(ক) জনাব শামীম ইকবাল মুন্না, উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের এনেক্স ভবনের ২য়তলার উত্তর পার্শ্বে উপজেলা হিসাব রক্ষন অফিসারের কার্যালয় অবস্থিত। উল্লেখিত কার্যালয়টিতে ০৩(তিন)টি কক্ষ রয়েছে এবং দীর্ঘদিন রক্ষনা-বেক্ষন না করায় অফিস গুলি প্রায় ব্যবহারের অনুপযোগী হয়েছে। উপজেলা হিসাব রক্ষন অফিসার তাঁর কার্যালয় সংস্কার/রক্ষনাবেক্ষন করার জন্য বার বার মৌখিক ভাবে তাগিদ প্রদান করেছেন। তিনি আরো জানান যে, তিনি বর্নিত কার্যালয়টি সরেজমিনে পরিদর্শন করেছেন এবং কক্ষ গুলি সংস্কারে আপাততঃ =১,৫০,০০০/=(এক লক্ষ পঞ্চাশ

হাজার ) টাকা প্রয়োজন হতে পারে। তিনি উপজেলা পরিষদ হতে উল্লেখিত পরিমান অর্থ বরাদ্দ প্রদানের প্রস্তাব রাখেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনার পর নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

চলতি ২০২২-২০২৩ অর্থ বৎসরে উপজেলা হিসাব রক্ষন অফিসারের কার্যালয়ের কক্ষগুলি রক্ষনা-বেক্ষন/সংস্কার করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে =১,৫০,০০০/=( এক লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা বরাদ্দ প্রদান সহ প্রকল্পটি RFQ পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজের সমাপ্তি ঘোষণা করেন।

তাহমিনা মানিক
২২/১/২০২৩ ইং

( তাহমিনা মানিক )
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
রায়পুরা, নরসিংদী
ও
সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সভা।

স্মারক নং-.০৫.৩০.৬৮৬৪.১১০.০২.৪১৯.১৪-৭৬(৭০)
তারিখ ঃ- ২২/০১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো ঃ

১। জনাব রাজিউদ্দিন আহমেদ রাজু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০৩-নরসিংদী-৫(রায়পুরা)।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নরসিংদী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুরা, নরসিংদী।
৫। উপজেলা ..............................................................................কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী।
৬। মেয়র, রায়পুরা পৌরসভা, রায়পুরা, নরসিংদী।
৬। চেয়ারম্যান ....................................................ইউঃ পিঃ (সকল), রায়পুরা, নরসিংদী ও সদস্য, উপজেলা মাসিক সাধারণ সভা।
৭। জনাব ..................................................................................

২২/০১/২৩

( মোঃ আজগর হোসেন )
উপজেলা নির্বাহী অফিসার
রায়পুরা, নরসিংদী।



CamScanner

# ২৭/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সাধারন সভায় উপস্থিত সদস্য/সদস্যাগণের হাজিরা

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আবদুস ছাদেক | চেয়ারম্যান, রায়পুরা উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ২। | জনাব আঃ মোমেন মিয়া | ভাইস চেয়ারম্যান, রায়পুরা উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ৩। | জনাব মোঃ বোরহান উদ্দিন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী। | স্বাক্ষরিত |
| ৪। | জনাব তাহমিনা মানিক | মহিলা ভাইস চেয়ারম্যান, রায়পুরা উপজেলা পরিষদ,নরসিংদী | স্বাক্ষরিত |
| ৫। | জনাব আমিনুর রহমান খান | পরিসংখ্যান কর্মকর্তা, রায়পুরা | স্বাক্ষরিত |
| ৬। | জনাব এ,কে,এম ফজলুল করিম ফারুক | চেয়ারম্যান, আমিরগঞ্জ ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ৭। | জনাব মোঃ নাসির উদ্দিন | চেয়ারম্যান, চরসুবুদ্ধি ইউনিয়ন পরিষদ, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ৮। | জনাব মেজবাহ উদ্দিন খন্দকার | চেয়ারম্যান, চান্দেরকান্দি ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ৯। | জনাব মোঃ হোসেন ভূইয়া | চেয়ারম্যান, মুছাপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ১০। | জনাব মোঃ আতাউর রহমান | চেয়ারম্যান, মরজাল ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ১১। | ডাঃ মোঃ আজহার-উল-আলম | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রায়পুরা | স্বাক্ষরিত |
| ১২। | জনাব মোঃ হাবিব ফরহাদ আলম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রায়পুরা,নরসিংদী | স্বাক্ষরিত |
| ১৩। | জনাব ফাতেমা আক্তার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ১৪। | জনাব মোঃ রেজাউল করিম | ডিজিএম, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, রায়পুরা জোনাল | স্বাক্ষরিত |
| ১৫। | জনাব মোহাম্মদ জাকির হোসেন মোল্লা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ১৬। | জনাব ওমর ফারুক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, রায়পুরা | স্বাক্ষরিত |
| ১৭। | জনাব ফারুক হোসেন | চেয়ারম্যান, রায়পুরা ইউনিয়ন পরিষদ, নরসিংদী | স্বাক্ষরিত |
| ১৮। | জনাব মোঃ মোমেন সরকার | চেয়ারম্যান, চাঁনপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ১৯। | জনাব মোঃ সোহাগ হোসেন | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ২০। | জনাব মোঃ নাছির উদ্দিন | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পক্ষে | স্বাক্ষরিত |
| ২১। | জনাব মেহরাব হোসেন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রায়পুরা, নরসিংদীর প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২২। | জনাব সানোয়ারা বেগম, অফিস সহকারী | জাতীয় মহিলা সংস্থা, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ২৩। | জনাব রৌশনারা বেগম | উপজেলা সমবায় কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী। | স্বাক্ষরিত |
| ২৪। | জনাব মোঃ মোমেন সরকার | চেয়ারম্যান, চাঁনপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ২৫। | জনাব রিয়াজ মোর্শেদ খাঁন রাসেল | চেয়ারম্যান, শ্রীনগর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ২৬। | জনাব খালেদা পারভীন | সদস্য, রায়পুরা উপজেলা পরিষদ এবং মহিলা ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ২৭। | জনাব বশির উদ্দিন সরকার রিপন | চেয়ারম্যান, মির্জানগর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ২৮। | জনাব আকতারুজ্জামান শামীম | চেয়ারম্যান, নিলক্ষ্যা ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ২৯। | জনাব মোঃ মাছুম | ফিল্ড সুপারভাইজার,ইসলামিক ফাউন্ডেশন, রায়পুরা,নরসিংদী | স্বাক্ষরিত |
| ৩০। | জনাব আহসান সিকদার | চেয়ারম্যান, চরমধুয়া ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ৩১। | জনাব কবির হোসেন | চেয়ারম্যান, হাইরমারা ইউনিয়ন পরিষদ, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ৩২। | জনাব মোঃ হাবিব উল্লাহ | চেয়ারম্যান, উত্তরবাখরনগর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ৩৩। | ডাঃ খাঁন নূরউদ্দিন মোঃ জাহাঙ্গীর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | স্বাক্ষরিত |
| ৩৪। | জনাব ইখতিয়ার উদ্দিন | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ৩৫। | জনাব মোঃ তাজুল ইসলাম | কৃষি সম্প্রসারন অফিসার, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ৩৬। | জনাব ফরহাদ হোসেন চাঁন মিয়া খাঁ | চেয়ারম্যান, মহেশপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ৩৭। | জনাব মোঃ মাসুদ মিয়া | চেয়ারম্যান, ডৌকারচর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ৩৮। | জনাব রাতুল হাসান | চেয়ারম্যান, বাঁশগাড়ী ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ৩৯। | জনাব শামীম ইকবাল মুন্না | উপজেলা প্রকৌশলী, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ৪০। | জনাব খলিলুর রহমান সরকার | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী | স্বাক্ষরিত |
| ৪১। | জনাব জাফর ইকবাল মানিক | চেয়ারম্যান, মির্জারচর ইউনিয়ন পরিষদ, রায়পুরা | স্বাক্ষরিত |
| ৪২। | জনাব মোঃ সেলিম | চেয়ারম্যান, আদিয়াবাদ ইউনিয়ন পরিষদ, রায়পুরা | স্বাক্ষরিত |
| ৪৩। | জনাব মঞ্জুর এলাহী | চেয়ারম্যান, মির্জাপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ৪৪। | জনাব মোঃ আল-আমিন ভূঞা | চেয়ারম্যান, অলিপুরা ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| | সভায় অনুপস্থিত সদস্যগনের তালিকা | | |
| ১। | জনাব মোঃ জামাল মোল্লা | মেয়র, রায়পুরা পৌরসভা | |
| ২। | জনাব মোঃ নূরুন্নবী | উপ-সহকারী প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | |
| ৩। | জনাব জাহাঙ্গীর আলম ভূঞা | চেয়ারম্যান, পলাশতলী ইউনিয়ন পরিষদ | |
| ৪। | জনাব মোহাম্মদ হাসানুজ্জামান | চেয়ারম্যান, চর-আড়ালিয়া ইউনিয়ন পরিষদ | |
| ৫। | জনাব ফেরদৌস কামাল | চেয়ারম্যান, পাড়াতলী ইউনিয়ন পরিষদ | |
| ৬। | জনাব আজিজুর রহমান | অফিসার ইন-চার্জ, রায়পুরা থানা | |
| ৭। | জনাব মোঃ খোরশেদ আলম (তুপন) | চেয়ারম্যান, রাধানগর ইউনিয়ন পরিষদ, নরসিংদী | |
| ৮। | জনাব মোঃ আশরাফুল আলম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী | |
| ৯। | জনাব নুশরাত জাহান | তথ্য সেবা কর্মকর্তা ( তথ্য আপা ), রায়পুরা,নরসিংদী | |
| ১০। | জনাব রোমানুর নাহার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়পুরা | |
| ১১। | জনাব তুষার ভট্টাচার্য | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রায়পুরা | |
| ১২। | জনাব মোঃ আবদুর রশিদ | উপজেলা বন কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী | |
| ১৩। | জনাব সৈয়দা নূর জাহান বেগম | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রায়পুরা | |
| ১৪। | জনাব সামালগীর আলম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী | |
| ১৫। | জনাব হাসিব আহমেদ ( জাকির ) | সভাপতি, রায়পুরা ইউসিসিএ লিঃ | |
| ১৬। | জনাব মৃত্যা সরকার | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, রায়পুরা | |



CamScanner